

# রাকসু ভিপি পদে লড়বেন ১৯ জন, জিএস ১৪ প্রার্থী

রাবি প্রতিনিধি



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। এতে মোট ৩২২ জনের মধ্যে রাকসুর ২৩ পদের বিপরীতে ২৫৫ জন প্রার্থীর তালিকা প্রকাশ করা হয়েছে।

ঘোষিত তালিকা অনুযায়ী সহসভাপতি (ভিপি) পদে ১৯ প্রার্থী, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৪ এবং এজিএস পদে ১৬ জন প্রার্থী হিসেবে লড়ছেন।

এ ছাড়া সিনেটে ছাত্র প্রতিনিধি পদে ৫ জনের বিপরীতে লড়বেন ৬০ জন।

এদিকে যাচাই-বাছাইয়ে ৭ প্রার্থীর মনোনয়ন বাতিল করা হয়েছে।

আজ সন্ধ্যা ৬টার দিকে এ তথ্য নিশ্চিত করেছেন প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক সেতাউর রহমান।

নির্বাচন কমিশন সূত্র জানায়, নির্বাচনের কেন্দ্রীয় সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি পদে মোট প্রার্থী হচ্ছেন ৩২২ জন। ক্রীড়া ও খেলাধুলা সম্পাদক পদে ৯ জন, সহকারী ক্রীড়া ও খেলাধুলা সম্পাদক পদে ৬ জন, সংস্কৃতি বিষয়ক সম্পাদক পদে ১১ জন, সহকারী সংস্কৃতি বিষয়ক সম্পাদক পদে ৯ জন, মহিলা বিষয়ক সম্পাদক ৭ জন, সহকারি মহিলা বিষয়ক সম্পাদক পদে ৮ জন, তথ্য ও গবেষণা সম্পাদক পদে ১৩ জন, সহকারি তথ্য ও গবেষণা সম্পাদক পদে ৮ জন, মিডিয়া ও প্রচার সম্পাদক পদে ১০ জন, সহ-মিডিয়া ও প্রচার সম্পাদক পদে ১০ জন, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ১০ জন, সহকারী বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক পদে ৬ জন, বিতর্ক ও সাহিত্য বিষয়ক সম্পাদক পদে ৭ জন, সহকারি বিতর্ক ও সাহিত্য বিষয়ক সম্পাদক পদে ৮ জন, পরিবেশ ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক পদে ১২ জন এবং সহকারি পরিবেশ ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক পদে ১৭ জন প্রার্থী লড়বেন।

এ ছাড়াও কার্যনির্বাহী সদস্য পদে ৫৫ প্রার্থী হিসেবে থাকবেন।

এ বিষয়ে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক এফ নজরুল ইসলাম বলেন, আমাদের প্রার্থীর তালিকা প্রকাশ করা হয়েছে। নির্বাচনে প্রার্থী ছিল মোট ৩২২ জন। এর মধ্যে ২৫৫ জন রাকসুতে, ৬০ জনকে সিনেটে সিলেক্ট করা হয়েছে।

এছাড়াও ৭ জন প্রার্থীর মনোনয়ন বাতিল করা হয়েছে। যাদের মনোনয়ন বাতিল করা হয়েছে তাদেরকে আগামীকালের মধ্যেই আপিল করতে হবে। আপিলটি গ্রহণযোগ্য হলে আমরা সেটা বিবেচনা করবো আর গ্রহণযোগ্য না হলে সেটি বাতিল করা হবে। ব্যাংক রশিদ, স্বাক্ষর, ছবি, ডোপ টেস্ট রিপোর্ট না থাকায় তাদের মনোনয়ন বাতিল করা হয়েছে।

ঘোষিত তফসিল অনুযায়ী, প্রকাশিত প্রাথমিক প্রার্থী তালিকার ব্যপারে ১১ সেপ্টেম্বর আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি, ১৩ সেপ্টেম্বর মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন এবং ১৪ সেপ্টেম্বর চূড়ান্ত তালিকা প্রকাশের পর ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ২৫ সেপ্টেম্বর।